

কোভিড -১৯ ভ্যাকসিন সম্পর্কে আপনি যা জানতে চান

Jan. 26, 2021

COVID-19 ভ্যাকসিন একে একে কানাডায় বসবাসকারী সকল প্রাপ্তবয়স্কদের দেওয়া হবে। সিরিজের প্রথম এই ফ্যাক্ট শিটটি ডাক্তারদের দ্বারা যাচাইকৃত এবং এই ভ্যাকসিন সম্পর্কে আপনাকে নির্ভুল, যাচাই করা মেডিকেল তথ্য দেওয়ার জন্য ডিজাইন করা, যাতে আপনি নিজের পছন্দ মোতাবেক সিদ্ধান্ত নিতে পারেন।

মূল বার্তা:

- COVID-19 ভ্যাকসিনটি আপনাকে COVID-19 এ আক্রান্ত হওয়া থেকে রক্ষা করতে সহায়তা করবে। এর জন্য দুটি ডোজ প্রয়োজন।
- COVID-19 ভ্যাকসিন টি বিভিন্ন জনগোষ্ঠীতে ব্যাপকভাবে পরীক্ষা করা হয়েছে এবং তা নিরাপদ ও অত্যন্ত কার্যকর হিসাবে বিবেচিত হয়েছে।

ভ্যাকসিন কেন নিতে হবে?

- বহু বছর ধরে বিশ্বজুড়ে লোকেরা হাম, টেটানাস এবং পোলিওর মতো মারাত্মক সংক্রামক ব্যাধি থেকে রক্ষা পেতে ভ্যাকসিন ব্যবহার করে আসছে।
- COVID-19 ভ্যাকসিনটি নিজেকে COVID-19 সংক্রমণ থেকে রক্ষা করার এবং আমাদের সকলের পক্ষে স্বাভাবিক জীবনে ফিরে আসার সবচেয়ে কার্যকর উপায়।
- ভ্যাকসিন নেয়া সহ মুখোশ পরা, হাত ধোয়া এবং অন্যদের থেকে কমপক্ষে 2 মিটার দূরত্ব বজায় রাখা আমাদের পরিবার ও সম্প্রদায়ের ভাইরাসের সংক্রমণ বন্ধ করার জন্য গুরুত্বপূর্ণ।

ভ্যাকসিন কীভাবে কাজ করে?

- ভ্যাকসিন আপনার রোগ নিরাময় করে না, বরং তা আপনাকে প্রথমে অসুস্থ হওয়া থেকে প্রতিরোধ করতে সহায়তা করে।
- ভ্যাকসিনটি আপনার দেহকে শিখায় যে কোভিড -১৯ ভাইরাসটি দেখতে কেমন যাতে আপনার শরীর ভাইরাসটির সংস্পর্শে এলে সেটির বিরুদ্ধে লড়াই করতে পারে।
- কোভিড -১৯ টি ভ্যাকসিনটি করোনা ভাইরাসটির উপরে থাকা স্পাইক প্রোটিনের অনুরূপ প্রোটিন ("এমআরএনএ") তৈরি করার জন্য আপনার শরীরে নির্দেশনা দেয়। এই প্রোটিন আপনাকে অসুস্থ করে না। বরং আপনার দেহে ভবিষ্যতে যদি সত্যিকারের ভাইরাস প্রবেশ করে তখন সংক্রমণের বিরুদ্ধে লড়াই করার জন্য আপনার দেহের রোগ প্রতিরোধ ব্যবস্থা অ্যান্টিবডি তৈরি করে।

ভ্যাকসিনগুলি কতটা কার্যকর?

- কানাডায় এখন পর্যন্ত দুটি ভ্যাকসিন দেওয়া হচ্ছে, একটি ফাইজার / বায়োএনটেক এবং অন্যটি মডার্নার।
- উভয় ভ্যাকসিনেরই দুটি ডোজ COVID-19 অসুস্থতা প্রতিরোধে খুব কার্যকর হিসাবে বিবেচিত হয়েছে। বৃহৎ বৈজ্ঞানিক গবেষণায় এগুলি 95% কার্যকর বলে প্রমাণিত হয়েছে।



এই ভ্যাকসিনগুলির পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কী কী?

COVID-19 ভ্যাকসিনগুলি খুব নিরাপদ হিসাবে বিবেচিত হয়েছে। সাধারণভাবে, অন্যান্য ভ্যাকসিনের বৈজ্ঞানিক গবেষণার সময় যে পার্শ্ব প্রতিক্রিয়াগুলি লক্ষ্য করা যায় তা এই ভ্যাকসিনের সাথে সামঞ্জস্যপূর্ণ। এই পার্শ্ব প্রতিক্রিয়াগুলি হলো ইনজেকশন এর জায়গায়, কাঁধ / বাহুতে ব্যথা, শরীর এবং পেশী ব্যথা, ঠান্ডা লাগা, ক্লান্তি বোধ এবং স্বর ভাব অনুভূত হওয়া। এইগুলি ভ্যাকসিনের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া এবং এইগুলি স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ নয়। যদি এই রকম অনুভূত হয়, তবে এটি প্রায় এক দিন বা তার মধ্যে স্বাভাবিক অবস্থায় ফিরে আসে। এই লক্ষণগুলি ভ্যাকসিনের উভয় ডোজের ক্ষেত্রেই দেখা দিতে পারে।

সমস্ত ভ্যাকসিনের মতো অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়ার মতো মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া হওয়ার খুব কম সম্ভাবনা রয়েছে। এজন্য আপনাকে ভ্যাকসিন দেওয়ার পরে 15-30 মিনিটের জন্য আপনাকে টিকা দেওয়ার সাইটে (একটি ক্লিনিক, বা আপনার ডাক্তারের অফিসে) থাকতে বলা হবে, যাতে চিকিৎসা কর্মীরা আপনার যত্ন নিতে পারে।

ভ্যাকসিন থেকে COVID-19 এ আক্রান্ত হওয়ার কোনো সুযোগ নেই।

আমি কোথায় আরও শিখতে পারি?

Health Canada বিদ্যমান চিকিৎসার প্রমাণগুলি খুবই সাবধানতার সাথে পর্যালোচনা করেছে এবং তাতে সুরক্ষার ক্ষেত্রে বড় কোনো উদ্বেগ চিহ্নিত হয়নি। Health Canada-র ইংরাজী এবং ফরাসি ভাষায় ফাইজার বায়োএনটেক এবং মডেরনা ভ্যাকসিনগুলির সংক্ষিপ্তসার নিচের লিংক এ রয়েছে:

<https://www.canada.ca/en/health-canada/services/drugs-health-products/covid19-industry/drugs-vaccines-treatments/vaccines/pfizer-biontech.html>

<https://www.canada.ca/en/health-canada/services/drugs-health-products/covid19-industry/drugs-vaccines-treatments/vaccines/moderna.html>

এই বুলেটিনের তথ্য কানাডিয়ান চিকিৎসক দ্বারা পরীক্ষিত : Meb Rashid MD, Assistant Professor, University of Toronto, Vanessa Redditt, MD, Lecturer, University of Toronto and Isaac I. Bogoch, MD, Associate Professor, University of Toronto

